

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬১১

উদয়পুর, ৬ জানুয়ারি, ২০২৬

কেন্দ্রীয় জনজাতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী

সভাপতিত্বে গোমতী জেলাভিত্তিক পর্যালোচনা সভা অনুষ্ঠিত

আজ উদয়পুর সার্কিট হাউসের কনফারেন্স হলে কেন্দ্রীয় সরকারের জনজাতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকেই-এর সভাপতিত্বে গোমতী জেলাভিত্তিক এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় গোমতী জেলায় কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের রূপায়ণ ও অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় গোমতী জেলার জেলাশাসক রিঙ্কু ল্যাথের জানান, জেলার পূর্ব দুলুমা, কিল্লা ও একজনছড়ি এলাকায় একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুল নির্মাণের কাজ বর্তমানে চলেছে। তিনি আরও জানান, গোমতী জেলার জন্য এম জি এন রেগা প্রকল্পে ৩৭ কোটি ৪৭লক্ষ টাকার মঞ্জুরি দেওয়া হয়েছে। পাশাপাশি ৭৮টি অমৃত সরোবর প্রকল্পের কাজ সম্পূর্ণ হয়েছে। প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীণ) প্রকল্পে ৫৩ হাজার ৮৬৪টি গৃহ নির্মাণের অনুমোদন দেওয়া হয়েছে, যার মধ্যে ৫৩ হাজার ৩৩৬টি গৃহ নির্মাণের কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। পি এম জনমন প্রকল্পে ৩ হাজার ৪৩১টি গৃহ নির্মাণের অনুমোদন দেওয়া হয়েছে এবং এর মধ্যে ৩ হাজার ৩৩৬টি গৃহ নির্মাণ সম্পূর্ণ হয়েছে। সভায় পি এম জি এস ওয়াই, স্বচ্ছ ভারত মিশন (এস বি এম), ত্রিপুরা রুরাল লাইভলিহুড মিশন (টি আর এল এম) সহ বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়াও স্বাস্থ্য, শিক্ষা, পূর্ত, পানীয় জল ও স্বাস্থ্যবিধান, খাদ্য, বন, কৃষি, মৎস্য প্রভৃতি দপ্তরের চলমান কাজের অগ্রগতি পর্যালোচনা করা হয়। আজকের সভায় উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়, বিধায়ক রামপদ জমাতিয়া, বিধায়ক জিতেন্দ্র মজুমদার, অভিষেক দেবরায়, বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা, উদয়পুর পুর পরিষদের চেয়ারপারসন শীতল চন্দ্র মজুমদার সহ বিভিন্ন দপ্তরের প্রতিনিধিগণ।

\*\*\*\*\*